

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় রাজস্ব বোর্ড  
ঢাকা

(কাস্টমস)

প্রজ্ঞাপন

তারিখ : ২৩ জ্যৈষ্ঠ, ১৪২০ বঙ্গাব্দ/০৬ জুন, ২০১৩ খ্রিস্টাব্দ।

এস,আর,ও নং- ১৬৪/আইন/২০১৩/২৪৫১/কাস্টমস I- Customs Act, 1969 (Act IV of 1969) এর section 219, section 192A হইতে section 192J এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড, শুল্ক (বিকল্প বিরোধ নিষ্পত্তি) বিধিমালা, ২০১২ এর নিম্নরূপ সংশোধন করিল, যথাঃ-

উপরি-উক্ত বিধিমালার -

- (১) বিধি ২ এর দফা (খ) এর পর নিম্নরূপ নতুন দফা (খখ) সন্নিবেশিত হইবে, যথাঃ-  
“(খখ) “প্রাক-জাহাজীকরণ পরিদর্শন সংস্থা” অর্থ প্রি-শিপমেন্ট ইমপেকশন বিধিমালা, ২০০২ এ সংজ্ঞায়িত প্রাক-জাহাজীকরণ পরিদর্শন সংস্থা;”;
- (২) বিধি ৩ এর উপ-বিধি (২) বিলুপ্ত হইবে;
- (৩) বিধি ৬ এর উপ-বিধি (৩) এ উলি-খিত “সহায়তাকারী কোন প্রকার নোটিশ প্রদান ব্যতিরেকে” শব্দগুলির পরিবর্তে “সহায়তাকারী সংশি-ষ্ট ব্যক্তিকে শুনানীর সুযোগ প্রদান করিয়া” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে; এবং
- (৪) বিধি ১১ এর উপ-বিধি (১) এর টেবিলের পরিবর্তে নিম্নরূপ টেবিল প্রতিস্থাপিত হইবে, যথাঃ-

“টেবিল

ক্র/নং	বিরোধীয় মূল্য/বিষয়	সার্ভিস চার্জ এর হার
১	বিরোধীয় মূল্য/বিষয়- দুই (২) লক্ষ টাকা পর্যন্ত	বিরোধীয় মূল্য বা বিষয়ের ৫%।
২	বিরোধীয় মূল্য/বিষয়- দুই (২) লক্ষ এর অতিরিক্ত হইতে পাঁচ (৫) লক্ষ টাকা পর্যন্ত	বিরোধীয় মূল্য বা বিষয়ের ৪%, তবে ১৫,০০০ (পনের হাজার) টাকার অধিক নয়।
৩	বিরোধীয় মূল্য/বিষয় টাকা পাঁচ (৫) লক্ষ এর অতিরিক্ত হইতে দশ (১০) লক্ষ টাকা টাকা পর্যন্ত	বিরোধীয় মূল্য বা বিষয়ের ৩%, তবে ২৫,০০০ (পাঁচিশ হাজার) টাকার অধিক নয়।

৪	বিরোধীয় মূল্য /বিষয়- টাকা দশ (১০) লক্ষ এর অতিরিক্ত হইতে পঁচিশ (২৫) লক্ষ টাকা পর্যন্ত	বিরোধীয় মূল্য বা বিষয়ের ২.৫০%, তবে ৪০,০০০ (চলি-শ হাজার) টাকার অধিক নয়।
৫	বিরোধীয় মূল্য/বিষয়-টাকা পঁচিশ (২৫) লক্ষ এর উর্ধ্ব হইলে	বিরোধীয় মূল্য বা বিষয়ের ২%, তবে ৫০,০০০ (পঞ্চাশ হাজার) টাকার অধিক নয়।”।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

স্বাক্ষরিত/-

(এ এফ এম আবদুল-হা খান)

প্রথম সচিব (শুল্ক : নীতি ও বাজেট)।